

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(পৌর-১ অধিশাখা)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৪.১২.৮ ১৬৫৪

তারিখঃ ১৬/১০/২০১৭

বিষয়ঃ জেলা প্রশাসক সম্মেলন ২০১৭ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের মুক্ত আলোচনায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।


সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র সংখ্যা ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০৫.২০১৭-৪১৯, তারিখ: ১৬/০৮/২০১৭ (কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৫ জুলাই ২০১৭ তারিখে জেলা প্রশাসক সম্মেলন ২০১৭ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের মুক্ত আলোচনায় নিম্নবর্ণিত প্রস্তাব উপস্থাপিত হয়:

“জনবহুল এলাকা, বাস স্ট্যান্ড, লঞ্চ/ফেরিঘাট, পর্যটন প্রবণ এলাকা, বাজার ইত্যাদি এলাকায় অধিক সংখ্যক পাবলিক টয়লেট নির্মাণ এবং সুব্যবস্থাপনার জন্য লোকবল নিয়োগ ও ব্যবহারকারীর নিকট থেকে যৌক্তিক হারে ফি নির্ধারণ করা যেতে পারে।”

০২। উল্লিখিত প্রস্তাবটি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সানুগ্রহ অনুশাসন প্রদান করেছেন।

০৩। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী উপরোক্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পৌর-১ শাখায় (সফট কপি ইমেইল- [mazidlgd91@gmail.com](mailto:mazidlgd91@gmail.com) ঠিকানায়) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

  
১৬/১০/১৭  
(মোঃ আবদুর রউফ মিয়া)  
উপসচিব  
ফোনঃ ৯৫১১৬০৩

বিতরণ:

মেয়র/প্রশাসক (সকল পৌরসভা)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ০১। অতিরিক্ত সচিব (নগর ও উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ০২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
- ০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, .....
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৫। সহকারী সচিব (পৌর-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ (সংশ্লিষ্ট পৌরসভা হতে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সংগ্রহপূর্বক পৌর-১ শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।